



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ এপ্রিল ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ির বেতছড়িতে পিতা-পুত্রসহ তিন জনকে অপহরণের নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক ও কেন্দ্রীয় সদস্য সচিব চাকমা আজ ২৩ এপ্রিল ২০১৮ সোমবার এক বিবৃতিতে খাগড়াছড়ির কমলছড়ি ইউনিয়নের বেতছড়ির সাজেক পাড়া থেকে গতকাল সেনা-মদদপুষ্ট জেএসএস সংস্কারবাদী গ্রুপ কর্তৃক পিতা-পুত্রসহ তিন নিরীহ গ্রামবাসীকে অপহরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে তাদেরকে অক্ষত অবস্থায় মুক্তি দেয়ার দাবি জানিয়েছেন।

সংস্কারবাদীদের প্রতি খুন ও অপহরণের রাজনীতি বন্ধ করে জনগণের আন্দোলনে সামিল হওয়ার আহ্বান জানিয়ে ও ঘটনার বর্ণনা দিয়ে ইউপিডিএফ নেতা বলেন, গতকাল রবিবার বিকেল ৩টার দিকে নিজ বাড়ি থেকে ৬০-বছরের বৃদ্ধ বিদুৎ বরণ চাকমা, তার ছেলে রিপন চাকমা (২৮) ও একই গ্রামের বিমল চাকমার ছেলে ভূবন মোহন চাকমাকে (৪০) অস্ত্রের মুখে অপহরণ করা হয়।

সচিব চাকমা বলেন, সেনাবাহিনী জেল-জুলুম দিয়ে ইউপিডিএফ-এর নেতৃত্বে পরিচালিত গণআন্দোলনকে দমন করতে ব্যর্থ হওয়ার পর বর্তমানে সংস্কারবাদী ও নব্য মুখোশ বাহিনীকে দিয়ে ইউপিডিএফ-এর নেতা, কর্মী, সমর্থক ও সাধারণ লোকজনকে খুন ও অপহরণ যজ্ঞে মেতে উঠেছে।

‘কিন্তু কোন ধরনের এবং কোন মাত্রার দমনপীড়ন চালিয়ে ইউপিডিএফ-এর আন্দোলনকে স্তব্ধ করা যাবে না’ বলে মন্তব্য করে তিনি বলেন, সন্ত্রাস দিয়ে পার্বত্য চট্টগ্রামের জনগণকে চিরকাল ভীত-সন্ত্রস্ত করে রাখা যাবে না। জনগণ অবশ্যই সংস্কারবাদী ও নব্য মুখোশ বাহিনীকে দিয়ে আন্দোলন দমনের সেনা-ষড়যন্ত্র নস্যাৎ করে দেবেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।